

এনভয় টেক্সটাইলস লিমিটেড

কর্পোরেট/রেজিস্টার্ড অফিসঃ এনভয় টাওয়ার (৬ষ্ঠ-৯ম তলা), ১৮/ই, লেক সার্কাস কলাবান, পশ্চিম পাছপথ, ঢাকা-১২০৫

১৮তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এই মর্মে এনভয় টেক্সটাইলস লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের ১৮তম বার্ষিক সাধারণ সভা আগামী ২১ই ডিসেম্বর ২০১৩, শনিবার, সকাল ১০.০০ ঘটিকায় ফ্যাক্টরী প্রাঙ্গণ- জামিরদিয়া, ভালুকা, ময়মনসিংহে নিম্নবর্ণিত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে অনুষ্ঠিত হবে:

আলোচ্যসূচী

- ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখের সমাপ্ত বছরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী এবং এর উপর পরিচালনা পর্ষদ ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন।
- ৩০শে সেপ্টেম্বর, ২০১৩ তারিখের সমাপ্ত বছরের লভ্যাংশ ঘোষণা।
- অত্র কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী পরিচালকমণ্ডলী নির্বাচন।
- নিরীক্ষক নিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ।
- স্বতন্ত্র পরিচালক পদের নিয়োগ অনুমোদন।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে



এম সাইফুল ইসলাম চৌধুরী এসিএস
কোম্পানী সচিব

মঙ্গলবার, নভেম্বর ১৯, ২০১৩
ঢাকা

দ্রষ্টব্য:

- ১৮তম বার্ষিক সাধারণ সভার 'রেকর্ড ডেট' আগামী ২৮শে নভেম্বর, ২০১৩। উক্ত তারিখে যে সকল শেয়ারহোল্ডারের নাম সিডিএস ব্যবস্থায় শেয়ার রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে, তাঁরা সভায় উপস্থিত থেকে কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন এবং লভ্যাংশ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন।
- যথাযথভাবে পূরণকৃত প্রয়োজনীয় মূল্যের রাজস্ব স্ট্যাম্প সংযুক্ত প্রক্সি ফরম বা পাওয়ার অব এটর্নি সভা শুরু অস্তত ৪৮ ঘন্টা পূর্বে অবশ্যই কোম্পানীর কর্পোরেট/রেজিস্টার্ড কার্যালয়ে জমা দিতে হবে।
- শেয়ারহোল্ডারগণ লভ্যাংশ গ্রহণের পছন্দনীয়তা আগামী ২৮শে ডিসেম্বর ২০১৩ বা তার পূর্বে কোম্পানীর কর্পোরেট/রেজিস্টার্ড কার্যালয়ে লিখিত ভাবে জানাবেন; অন্যথায় কোম্পানী যথোপযুক্ত মাধ্যমে লভ্যাংশ পরিশোধ করবে।
- বার্ষিক প্রতিবেদন, উপস্থিতি পত্র, প্রক্সি ফরমসহ সভার নোটিশ ডাকযোগে প্রেরণ করা হবে। এ ছাড়াও প্রক্সি ফরম কোম্পানীর কর্পোরেট/রেজিস্টার্ড কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।
- বার্ষিক প্রতিবেদন কোম্পানীর ওয়েবসাইট www.envoytextiles.com থেকেও সংগ্রহ করা যাবে।